

স্মারক ও তারিখ অপরিবর্তিত রেখে সংশোধিত পত্র ।



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং- ক/অ/১৫২৭

তারিখ: ১৫-০৭-২০১৯ খ্রি.

বিষয় : একাডেমিক স্বীকৃতির মেয়াদ বৃদ্ধি ।

সূত্র : অধ্যক্ষ মহোদয়ের ২০-০৬-২০১৯ খ্রি. তারিখে অনলাইনে প্রেরিত (আইডি নং-১৯০৯০) আবেদন ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সংশ্লিষ্ট কলেজে নিম্নে প্রদত্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে উচ্চ মাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার স্বীকৃতির মেয়াদ ০১-০৭-২০১৯ হতে ৩০-০৬-২০২২ খ্রি. তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছর বৃদ্ধি করা হলো । এর পরিপ্রেক্ষিতে কলেজের শিক্ষার্থীগণ ২০২৩ সাল পর্যন্ত উচ্চমাধ্যমিক পরীক্ষায় নিম্নলিখিত শাখা ও এর অন্তর্ভুক্ত নির্দিষ্ট বিষয়গুলির জন্য নিয়মিত শিক্ষার্থী হিসাবে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে । এ প্রসঙ্গে উল্লেখ্য যে, কলেজের পরবর্তী স্বীকৃতির মেয়াদ বৃদ্ধি নিম্নোক্ত শর্তাবলী পূরণ এবং অন্যান্য কার্যাদি সম্বন্ধে সন্তোষজনক রিপোর্টের উপর নির্ভর করবে ।

১) আবশ্যিক বিষয়সমূহ : বাংলা, ইংরেজি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (সকল বিভাগের জন্য)

২) নৈর্ব্যক্তিক বিষয়সমূহ :

ক) মানবিক শাখা: অর্থনীতি, পৌরনীতি ও সুশাসন, ইতিহাস, যুক্তিবিদ্যা, ভূগোল, সমাজবিজ্ঞান, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, সমাজকর্ম, এবং ইসলাম শিক্ষা ।

খ) ব্যবসায় শিক্ষা শাখা: হিসাব বিজ্ঞান, ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা, সাচিবিক বিদ্যা ও অফিস ব্যবস্থাপনা এবং উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন ।

গ) বিজ্ঞান শাখা: পদার্থবিজ্ঞান, রসায়ন, জীববিদ্যা এবং উচ্চতর গণিত ।

শর্তাবলী:

- ১। সকল বিভাগে কাম্যসংখ্যক শিক্ষার্থী ভর্তি করতে হবে;
- ২। উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফল সন্তোষজনক হতে হবে;
- ৩। যথাযথ মর্যাদার জাতীয় দিবসগুলি উদ্‌যাপন করতে হবে;
- ৪। শিক্ষার্থীদের মাঝে ক্রীড়া, সাংস্কৃতিক অনুষ্ঠান ও বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করতে হবে;
- ৫। কলেজ চত্বরে ফলজ, বনজ ও গুঁষদি গাছ লাগানো ও পরিচর্যা করতে হবে;
- ৬। কলেজে সীমানা প্রাচীর নির্মাণ ও অবকাঠামো উন্নয়ন করতে হবে;
- ৭। লাইব্রেরীতে পাঠ সহায়ক বই এর সংখ্যা বৃদ্ধি করতে হবে;
- ৮। বাংলা একাডেমি কর্তৃক প্রকাশিত অভিধানসমূহসহ কৃতি লেখকদের পাঠ সহায়ক বই ক্রয় করতে হবে;
- ৯। কলেজের সকল বিজ্ঞপ্তি বোর্ডের ওয়েবসাইট হতে সংগ্রহ করতে হবে ।

অধ্যক্ষ

শিমু-রেজা এমপি কলেজ (EIN নং- ১৩৪৭০২)

ডাক: মৌতলা, উপজেলা: কালিগঞ্জ,

জেলা: সাতক্ষীরা ।

(কে এম রব্বানী)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর ।

ফোন: ০৪২১-৬৮৬৩৮

e-mail: ic@jessoreboard.gov.bd

স্মারক নং- ক/অ/

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :-

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- ৩। জেলা প্রশাসক, সাতক্ষীরা;
- ৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর;
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা;
- ৭। অফিস নথি ।

কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর ।